দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JUL 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

## বেতন ও ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্র সমাবেশ

ইত্তেফাক রিপোর্ট ।। ছাত্র বেতন ও বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে গতকাল (সোমবার) ছাত্রলীগ (বা-কা) ও ছাত্রমৈত্রী ক্যাম্পাসে পৃথকভাবে সমাবেশের

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্র সমাবেশ

(১ম পৃঃ পর)

আয়োজন করে। অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রলীগ (বা-কা) আয়োজিত সমাবেশে বলা হয়, ছাত্র বেতন বৃদ্ধি করার মাধ্যমে সরকার শিক্ষাকে বাণিজ্যিক ভিত্তির উপর দাঁড় করাইয়াছে। যেকোন মূল্যে সরকারের এই সিদ্ধান্ত প্রতিহত করিতে হইবে। সংগঠনের সভাপতি রুহুল কুদ্দুস বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে সাধারণ সম্পাদক আবদুল্লাহ হিল কাইয়ুম, সাংগঠনিক সম্পাদক রোকনুজ্জামান রোকন প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশ শেষে ভিসির নিকট স্মারকলিপি পেশ করা হয়।

প্রশাসনিক ভবনের সম্মুখে ছাত্রমৈত্রী আয়োজিত সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি রাগিব আহসান মুন্না ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি জিয়াউল হক জিয়া বক্তৃতা করেন। সমাবেশ শেষে ভিসির নিকট স্মারকলিপি পেশ করা হয়।